

যায়যায়দিন

তারিখ... 26 AUG 2013...
স্বাক্ষর... ..

ডিগ্রি-অনার্সে বাংলাদেশ নিয়ে নতুন কোর্স

যায়যায়দিন

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স, ডিগ্রি (পাস) প্রথমবারে স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস শীর্ষক ১০০ নম্বরের (চার ক্রেডিট) একটি কোর্স আবশ্যিক বিষয় হিসেবে চালুর সিদ্ধান্ত নেয়া হয়েছে।

রোববার জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের সিনেট হলে একাডেমিক কাউন্সিলের ৭৯তম সভায় এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

পাশাপাশি জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিসিসসহ ১ বছর ৬ মাস মেয়াদি মাস্টার্স এবং এমবিএ প্রোগ্রাম চালু করার সিদ্ধান্তও গ্রহণ করা হয়।

সভাসূত্র জানায়, আমাদের ইতিহাস, ঐতিহ্য, দীর্ঘ জাতীয় মুক্তিসংগ্রাম, একাত্তরের মহান মুক্তিযুদ্ধ এবং স্বাধীন বাংলাদেশের প্রতিষ্ঠা ইত্যাদি বিষয়ে শিক্ষার্থীদের জ্ঞাতার্থে এ সিদ্ধান্ত নেয়া হয়। কলা, সামাজিক বিজ্ঞান, বাণিজ্য, বিজ্ঞান নির্বিশেষে সব ধরনের শিক্ষার্থীদের জন্য এটি সিলেবাসে অন্তর্ভুক্ত করা হবে। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ।

এছাড়া সভায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোর শিক্ষা কার্যক্রম সরেজমিন মনিটরিং করার উদ্দেশ্যে একাডেমিক মনিটরিং টিম পাঠানোর সিদ্ধান্ত হয়।